

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৬.২০২১.১৬০

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৮
০৯ মার্চ ২০২২

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মুহাম্মদ নিজাম উদ্দীন (৯৭৮৯), সহযোগী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে এ বিভাগ হতে ২০/০৯/২০১৬ খ্রিষ্টাব্দের ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০৩০.১৬-৬৮৯ নং স্মারকে বাংলাদেশে অবস্থিত "Integrated Development Foundation (IDF)" নামক প্রতিষ্ঠানে "Director-Cum-Chief Executive officer" পদে ০১/০৮/২০১৬ খ্রি. হতে ০৩ (তিন) বছর অথবা দায়িত্বভার হস্তান্তরের তারিখ হতে ০৩ (তিন) বছরের লিয়েন মঞ্জুর করা হয়;

যেহেতু, তাঁর লিয়েনের মেয়াদ ২৫/০৯/২০১৯ খ্রিষ্টাব্দে শেষ হওয়া সত্ত্বেও বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী সরকারি চাকুরি হতে অবসান (Ceases to be in Government employ) করার জন্য তাঁকে ১৪/১০/২০২১ খ্রিষ্টাব্দে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং তাঁর কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায়;

যেহেতু, গত ২৬/০৯/২০২১ খ্রিষ্টাব্দে তাঁর অনুপস্থিতকাল ০৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ায় সরকারি কর্মচারি লিয়েন বিধিমালা, ২০২১-এর ১১(ঘ) অনুযায়ী বাংলাদেশ সার্ভিস রুলস (বি.এস.আর) পার্ট-১ এর বিধি ৩৪ অনুযায়ী সংশ্লিষ্ট সরকারি কর্মচারীর চাকুরির অবসান হয়;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী জনাব মুহাম্মদ নিজাম উদ্দীন-কে চাকুরি হতে অবসান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করেছে ও মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব মুহাম্মদ নিজাম উদ্দীন (৯৭৮৯), সহযোগী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা -কে বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী সরকারি চাকুরি হতে অবসান (Ceases to be in Government employ) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
তারিখ: ০৮/০৩/২০২২
(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব


নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১৬.২০২১. ১৬০ (১০)

তারিখ:

২৪ ফাল্গুন ১৪২৮
০৯ মার্চ ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মুহাম্মদ নিজাম উদ্দীন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অধ্যক্ষ, ----- ।
- ✓ ৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা -----।
১০. জনাব মুহাম্মদ নিজাম উদ্দীন (৯৭৮৯), সহযোগী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা ।


(মোহাম্মদ আব্বাসের বেগ)
উপসচিব
ফোন: ০২২২৩৩৫৪২৬৫